

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd




নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯.১২২

তারিখ : ৩১.০৮.২০২০ খ্রি:

বিষয়: পদ শূন্য না থাকা সত্ত্বেও কিংবা এক বিষয়ের চাহিদায় অন্য বিষয় উল্লেখ করে ত্রুটিপূর্ণ/ভুল চাহিদা প্রেরণকারী শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের এম.পি.ও. ভুক্তির বিভিন্ন সমস্যার জটিলতা নিরসনের জন্য মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ০৯ জুন ২০২০ তারিখ আন্তর্জাতিক মার্ত্তভাষা ইনস্টিটিউট, ঢাকায় এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয় ০৪ এর সিদ্ধান্ত অনুযায়ী যে সকল শিক্ষা প্রতিষ্ঠান হতে পদ শূন্য না থাকা সত্ত্বেও শিক্ষক নিয়োগের জন্য এনটিআরসিএ তে ত্রুটিপূর্ণ/ভুল চাহিদা প্রেরণ করা হয়েছে ঐ সকল শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত করে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের ০৩.০৮.২০২০ তারিখে ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০৩.২০১৯.১১২নং-স্মারকে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের আলোকে কতটি প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং কি ব্যবস্থা নেয়া হয়েছে তার তালিকা আগামী ০৭ কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ পাতা।


৩১/৮/২০২০
(মো: কামরুল হাসান)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭
ই-মেইল: ds.mpo@moedu.gov.bd

(১) চেয়ারম্যান,
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ,
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

(২) মহাপরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে প্রেরণ করা হলো :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অফিস কপি।